তারিখ 09 MAY 2016
পৃষ্ঠা 20 কলাম 7

দৈনিক জনকণ্ঠ

# লক্ষ্মীপুরে শিক্ষকের পিটুনিতে ছাত্র গুরুতর জখম, হাসপাতালে ভর্তি

নিজস্ব সংবাদদাতা, লক্ষ্মীপুর, ৮ মে ॥ লক্ষ্মীপুরের রামগঞ্জে মনির হোসেন নামের এক পাষণ্ড শিক্ষক একই স্কুলের নবম শ্রেণীর ইয়াছিন আরাফাত জীবন (১৪) নামের এক শিক্ষার্থীকে পিটিয়ে গুরুতর আহত করেছে। শনিবার বেলা সাড়ে ১১টার দিকে পরীক্ষা চলাকালীন

(১৯ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## লক্ষ্মীপুরে শিক্ষকের

(২০-এর পৃষ্ঠার পর)

রামগঞ্জ এম ইউ সরকারী উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। খবর পেয়েই আহত শিক্ষার্থীর অভিভাবকরা দুপুরে তাকে উদ্ধার করে রামগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে ভর্তি করেন। মনির রামগঞ্জ এম ইউ সরকারী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

রবিবার আহতের অভিভাবক ও বিদ্যালয় সূত্রে জানা গেছে, শনিবার বেলা ১১টায় পরীক্ষা চলাকালে নবম শ্রেণীর শিক্ষার্থী ইয়াছিন আরাফাত জীবন পেছনে থাকা অপর শিক্ষার্থীর দিকে তাকালে হলে দায়িত্বরত সহকারী শিক্ষক মনির হোসেন মোল্যা তাকে কান ধরে সকল ছাত্রছাত্রীদের সামনে এনে স্কেল দিয়ে বেদম মারধর করেন। এ সময় তার কাঁধ রক্তাক্ত হলে সে পরীক্ষা দিতে অপারগতা প্রকাশ করে। এতে ওই শিক্ষক আরও ক্ষিপ্ত হয়ে ইয়াছিন আরাফাত জীবনের বুকে লাথি মেরে শরীরের বিভিন্ন জায়গায় এলোপাতাড়ি পিটিয়ে গুরুতর আহত করে স্কুল কক্ষে বসিয়ে রাখেন। পরে অন্য শিক্ষার্থীর কাছ থেকে খবর পেয়ে অভিভাবকরা স্কুলে এসে তাকে উদ্ধার করে রামগঞ্জ সরকারী হাসপাতালে ভর্তি করে। শিক্ষার্থীর চাচা সফিকুল ইসলাম জানান, আমরা এর সঠিক বিচার চাই। রামগঞ্জ এমইউ সরকারী উচ্চ বিদ্যালয়ের ভারপাপ্ত প্রধান শিক্ষক মোঃ আবদুল আজিজ জানান, বিষয়টি অত্যন্ত দুঃখজনক। শিক্ষার্থীকে হাসপাতালে প্রেরণ করা হয়েছে। অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে বিষয়টা জানানো হয়েছে।

এ বিষয়ে রামগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবু ইউসুফ বলেন, খোঁজখবর নিয়ে উক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনগত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।